এফডি-৬

বৈদেশিক সহায়তাপুষ্ট প্রকল্প

ডিস্ট্রিক্ট রিফ্রেক্টিভ এরর এন্ড আই কেয়ার সার্চ এন্ড ট্রিট ইনিশিয়েটিভ(দৃষ্টি)
District Refractive Error and Eyecare Search and Treat Initiative (DRESTI)

০১ জুন ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১

ডাঃ কে. জামান বিএনএসবি আই হসপিটাল

ঠিকানা ঃ
ডাঃ কে. জামান বিএনএসবি আই হসপিটাল
১৯৩ সেহড়া ধোপাখলা রোড, ময়মনসিংহ-২২০০, বাংলাদেশ।
টেলিফোন নং- +৮৮০-৯১-৬৬৯৮২, ৬৭১৮০, ৬৩৫২২
মোবাইল নং- +৮৮-০১৭ ১১ ১০৩০৬৩, +৮৮-০১৭ ১৩ ০৩৯৮৮১
ই-মেইল ঃ bnsbmym@gmail.com

এফডি-৬
বৈদেশিক সাহায্যতাপুষ্ট প্রকল্প সমূহের নমুনা ছক

[এ নমুনা ছকটি বাংলা এবং ইংরেজীতে পূরণ করতে হবে, তবে বাংলায় পূরণকরা বাধ্যতামূলক। বাংলার ক্ষেত্রে সুতনী এম.জে ফন্ট ব্যবহার করতে হবে। ৯ সেট এফডি-৬ এর সাথে সিডিতে ৩ সেট এফডি-৬ দাখিল করতে হবে। অসম্পূর্ণতা ও অস্বচ্ছতা প্রকল্প অনুমোদনে বিলম্বের কারণ হবে]

১. এনজিও'র নাম ও ঠিকানা ঃ **ডাঃ কে. জামান বিএনএসবি আই হসপিটাল**
১৯৩ সেহড়া ধোপাখলা রোড, ময়মনসিংহ।

টেলিফোন নং- +৮৮০-৯১-৬৬৯৮২, ৬৭১৮০, ফ্যাক্স নং- +৮৮০-৯১-৬৩৫২২

ই-মেইলঃ bnsbmym@gmail.com

২. প্রকল্পের নাম ঃ ডিস্ট্রিক্ট রিফ্রেক্টিভ এরর এন্ড আই কেয়ার সার্চ এন্ড ট্রিট ইনিশিয়েটিভ (দৃষ্টি)
District Refractive Error and Eyecare Search and Treat Initiative (DRESTI)

৩. প্রকল্পের মেয়াদ ঃ ০৭ (সাত) মাস (১ জুন ২০২১ খ্রীঃ হইতে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রীঃ)

ক. শুরুর তারিখ ঃ ০১ জুন ২০২১ খ্রীঃ

খ. সমাপ্তির তারিখ ঃ ৩১ ডিসেম্বর ২০২১ খ্রীঃ

৪. **প্রকল্প এলাকা** ঃ

ক্র.নং	জেলা	উপজেলা/থানা
	শেরপুর	নালিতাবাড়ী, ঝিনাইগাতি, শ্রীবর্দী, শেরপুর সদর ও নকলা।

৫. **প্রাক্কলিত ব্যয় ও দাতা সংস্থার ঠিকানা ঃ**

(ক) **প্রাক্কলিত ব্যয়** ঃ টাকা ঃ ১,৯০৬,০৮০/-

(হাজার টাকায়)

ক্র. নং	বর্ণনা	প্রকল্প বর্ষ-২০২১ (১ জুন -২০২১ খ্রীঃ হতে ৩১ ডিসেম্বর ২০২১ খ্রীঃ)	মোট টাকা
১	বিদেশ থেকে প্রাপ্ত অনুদান (বাংলাদেশী টাকায় পরিবর্তিত)	০	০
২	দেশে থেকে প্রাপ্ত বিদেশী দাতার স্থানীয় মুদ্রায় অনুদান (টাকা)	১,৯০৬,০৮০/-	১,৯০৬.০৮০
৩	স্থানীয় অনুদান	০	০
	সর্বমোট টাকা ঃ	১,৯০৬,০৮০/-	১,৯০৬.০৮০
৪	বিদেশী মুদ্রায় (ইউএস ডলার)	$ ২২,৮৯০	২২.৮৯০ (ইউএস ডলার)

(খ) ১. দাতা সংস্থার নাম ঃ Orbis International

২. দাতা সংস্থার ঠিকানা ঃ অরবিস ইন্টারন্যাশনাল - বাংলাদেশ কান্ট্রি অফিস
এসপ্রিট, এপার্টমেন্ট নং- এ-৪, প্লট নং-২৪, রোড নং-১৩০, গুলশান - ১, ঢাকা-১২১২

৩. ফোন ঃ +৮৮ ০২ ২২২২৯৮০৩৩, ০২ ২২২২৬০০৫০ ফ্যাক্স ঃ +৮৮ ০২ ২২২২৮৪৭০২ ই-মেইল ঃ info@orbis.org
ওয়েবসাইট ঃ www.orbis.org

৬. **বিস্তারিত প্রকল্প ঃ**

ক. ভূমিকা এবং পটভূমি (সংশ্লিষ্ট এলাকায় প্রকল্প কার্যক্রম সংক্রান্ত বিরাজমান অবস্থা তথ্য/উপাত্তসহ উল্লেখপূর্বক প্রস্তাবিত প্রকল্পটি সংক্ষেপে অবতারণা করুন। প্রকল্পটি প্রণয়নকালে কিভাবে কমিউনিটিকে সম্পৃক্ত করা হয়েছে তা লিখুন) ঃ

ভূমিকা ঃ

বাংলাদেশ প্রায় ১৪৭,৫৭০ বর্গ কিলোমিটার আয়তন বিশিষ্ট একটি উন্নয়নশীল দেশ। ২০১১ সালে আনুমানিক জনসংখ্যা ছিল প্রায় ১৪ কোটি ৪০ লক্ষ যার প্রবৃদ্ধির হার ছিল ০.৫ শতাংশ ((Statistical Pocketbook 2011, BBS)। বর্তমানে বাংলাদেশের জনসংখ্যা প্রায় ১৬ কোটি। যার প্রায় ৭৭ শতাংশ জনসংখ্যা গ্রামাঞ্চলে বসবাস করে। বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর ২০১৪ সালের তথ্যানুযায়ী উক্ত জনসংখ্যার মাথাপিছু সম্মিলিত জাতীয় আয় ১,১৮০ ডলার এবং মোট জন সংখ্যার ৩১.৫ শতাংশ মানুষ দারিদ্রসীমার নীচে বাস করে। (সূত্রঃ বিশ্ব ব্যাংকের বৈশ্বিক উন্নয়ণ প্রতিবেদন-২০১০)। ১৫ বছরের উপরে শিক্ষার হার ৫৬ শতাংশ। (সূত্রঃ বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য-২০০২)।

DR. K. ZAMAN BNSB EYE HOSPITAL

বিভিন্ন প্রকার নির্দেশক থেকে প্রমানিত হয় যে, এদেশের জনগণের স্বাস্থ্যগত অবস্থা ধীরে ধীরে উন্নত হচ্ছে। ২০১৫ সালের জানুয়ারী মাসে অনুমিত জন্মকালীণ প্রত্যাশিত আয়ু ছিল ৭১-৭৫ বছর ((CIA World Fact book).)। ২০১৫ সালের অনুমিত অনূর্ধ পাঁচ বছরের শিশুর মৃত্যু হার ছিল প্রতি হাজারে ৩৮ ((UNICEF website).)। বেসরকারী সাহায্য সংস্থা ও ব্যক্তি মালিকানাধীন প্রতিষ্ঠানের পাশাপাশি সরকার হচ্ছে একটি বড় স্বাস্থ্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠান। সরকারী ভাবে বিনামূল্যে স্বাস্থ্য সেবা সুবিধা প্রদান করা হয়। ২০০১ সালের অনুমিত স্বাস্থ্যসেবা সুবিধা জনপ্রতি ১২ ডলার তখন স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা খাতে জনপ্রতি সরকারী ব্যয় ছিল প্রায় ৩ ডলার ((World Bank, World)।

বাংলাদেশের জনগনের অর্থনৈতিক অনিশ্চয়তা ও অসচ্ছলতাজনিত কারণে গ্রামীণ মধ্যবিত্ত, নিম্নমধ্যবিত্ত ও নিম্নবিত্ত শ্রেণীর মানুষ শাক, পাতা, কচু, ঘেচু তথা অবৈজ্ঞানিক, অপুষ্টিকর ও অসম খাদ্য গ্রহণ করে থাকে। তাছাড়া বিশুদ্ধ পানীয় জলের অভাবসহ অস্বাস্থ্যকর পরিবেশজনিত কারণে অসুখ বিসুখ জ্বরা ব্যাধি গ্রামীণ জনগোষ্ঠীর নিত্য সঙ্গী। অথচ আনুপাতিকহারে গ্রামে চিকিৎসা অপ্রতুল এবং চক্ষু স্বাস্থ্য সেবার অবস্থা আরও করুণ। এই গুরুত্বপূর্ণ অঙ্গটির রোগ ব্যাধি ও অবহেলার কারণে বাংলাদেশে অন্ধত্বের হার দিন দিন বেড়েই চলেছে।

অন্ধত্ব বিশ্বব্যাপী মানব জাতির জন্য একটি স্পর্শকাতর সামাজিক সমস্যা। বিশ্ব স্বাস্থ্য সংস্থার তথ্যানুসারে দেখা যায় যে, বিশ্বের ৯০শতাংশ দৃষ্টিহীন মানুষ বাংলাদেশের মত উন্নয়ণশীল দেশসমূহে বসবাস করে (WHO Fact sheet No. 282, Visual Impairment and Blindness. Update April 2011)| ফলে বিশ্বের অন্যান্য উন্নয়নশীল দেশের মতো বাংলাদেশেও চক্ষুরোগ তথা অন্ধত্বের হার অত্যন্ত প্রকট। আর্থসামাজিক অবস্থার প্রেক্ষিতে বাংলাদেশের মত একটি উন্নয়নশীল দেশে অন্ধত্বের এ প্রাদুর্ভাব একটি অতিরিক্ত বোঝা । দিন দিন এই সমস্যা প্রকট থেকে প্রকটতর হচ্ছে। তবে আশার কথা যে, সঠিক কর্ম পরিকল্পনা ও পদক্ষেপ এবং উপযুক্ত চিকিৎসা সেবায় শতকরা ৮০ ভাগ অন্ধত্ব প্রতিকার ও প্রতিরোধ করা সম্ভব। কিন্তু অত্যন্ত পরিতাপের বিষয় যে, পর্যাপ্ত চক্ষু বিশেষজ্ঞ, প্রশিক্ষিত চক্ষু পরিচর্যা কর্মী এবং প্রয়োজনীয় যন্ত্রপাতির অপ্রতুলতার কারণে চক্ষু রোগ নির্ণয় ও চিকিৎসা সেবা প্রদান কার্যক্রম পরিচালনায় বাংলাদেশে যথেষ্ট সীমাবদ্ধতা রয়েছে।

২০০৫ সালে জাতীয় চক্ষু বিজ্ঞান ইনস্টিটিউট, বাংলাদেশ, অরবিস ইন্টারন্যাশনাল ও সাইট সেভারস ইন্টারন্যাশনাল কর্তৃক সারাদেশব্যাপী জাতীয় চক্ষু সেবা দক্ষতা যাচাই এর এক জরীপে দেখা যায় যে, দেশের প্রায় ১৪১টি হাসপাতাল চক্ষু স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। যার মধ্যে শতকরা ৫০ ভাগ সরকারী, ৪০ ভাগ বিভিন্ন এনজিও সংগঠন এবং ১০ ভাগ প্রাইভেট বা ব্যাক্তিমালিকানাধীন ভাবে পরিচালিত। বাংলাদেশে মাত্র ১,০০০ জন চক্ষু বিশেষজ্ঞ এবং ৯৫০ জন চক্ষু বিষয়ের উপর প্রশিক্ষণপ্রাপ্ত অফথালমিক এসিসস্টেন্ট রয়েছে (National Eye Care Plan, Bangladesh) যা বাংলাদেশের জনসংখ্যার তুলনায় অত্যন্ত নগণ্য।

বাংলাদেশের ক্রমবর্ধমান অন্ধত্বের এহেন জটিল ও সংকটাপন্ন সামাজিক স্বাস্থ্য সমস্যা সমাধানে সহায়তা করার প্রয়াসে বাংলাদেশ জাতীয় অন্ধ কল্যাণ সমিতি (বিএনএসবি) তার বিভিন্ন সহযোগী Andheri-Hilfe Bonn, Germany, Sight Savers International, ORBIS International এর সদয় সহযোগিতায় ১৯৭২ সাল থেকে এদেশে অন্ধত্ব প্রতিরোধ ও নিয়ন্ত্রণে বিভিন্ন পদক্ষেপ গ্রহণ ও সেবাদানে কার্যকর ভূমিকা পালন করে আসছে।

সরকার অন্ধত্বকে একটি সামাজিক, অর্থনৈতিক ও স্বাস্থ্যগত সমস্যা হিসাবে চিহ্নিত করেছে। যার প্রেক্ষিতে এ সমস্যাকে সমাধান করার উদ্দেশ্যে ১৯৭৮ সালে বাংলাদেশ ন্যাশনাল কাউন্সিল ফর দ্যা ব্লাইন্ড সংক্ষেপে বিএনসিবি গঠন করা হয়; যাতে করে দেশের মানুষের অন্ধত্ব প্রতিরোধ এবং প্রতিকার করা যায়। এ লক্ষ্যে উন্নয়নশীল দেশগুলোসহ সকল দেশের দৃষ্টিহীনদের সমস্যা সমাধানকল্পে যে সব প্রতিষ্ঠান ও সংস্থা কাজ করছে তাদের একটি আন্তর্জাতিক ঐক্যবদ্ধ উদ্যোগের নাম "ভিশন-২০২০"- দৃষ্টি সবার অধিকার। অন্ধত্ব নিবারণে গণসচেতনতা সৃষ্টি করা, সম্পদ সংগ্রহ করা এবং বিভিন্ন দেশের সরকারের সাথে মিলে জাতীয় অন্ধত্ব নিবারণ কর্মসূচী গড়ে তোলাই এ উদ্যোগের প্রধান লক্ষ্য। বাংলাদেশ ভিশন ২০২০ "বৈশ্বিক উদ্যোগে ২০০০ সালে স্বাক্ষরকারী স্বল্প সংখ্যক দেশ সমূহের মধ্যে একটি। তারই ধারাবাহিকতায় ২০০৩ সালে ৫৬ তম বিশ্ব স্বাস্থ্য সংস্থার সভায় " ভিশন ২০২০ - দৃষ্টি সবার অধিকার" মূল সনদে স্বাক্ষর করে এবং এর মূল লক্ষ্য ও উদ্দেশ্যকে বাস্তবায়নের জন্য অঙ্গীকার বদ্ধ হয়। এ পরিপ্রেক্ষিতে বাংলাদেশ সরকার ২০০৫ সালে স্বাস্থ্য মন্ত্রণালয়ের মাধ্যমে জাতীয় চক্ষু স্বাস্থ্য সেবা সম্পর্কিত একটি পরিকল্পনা প্রণয়ন করে। বাংলাদেশ সরকার, বিভিন্ন এনজিও এবং প্রাইভেট চক্ষু সেবা প্রদানকারী বিভিন্ন প্রতিষ্ঠানের সমন্বিত উদ্যোগের মাধ্যমে এ পরিকল্পনা বাস্তবায়িত হচ্ছে। এই পরিকল্পনার মূল উদ্দেশ্য হচ্ছে স্বাস্থ্য ও জনশক্তি ব্যবস্থাপনার উন্নয়ন, অবকাঠামো ও প্রযুক্তিগত উন্নয়ন, রোগ নিয়ন্ত্রণ এবং জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম শক্তিশালী করণ যা জাতীয় চক্ষু স্বাস্থ্যনীতির মূল চাবিকাঠি।

এ পরিকল্পনা বাস্তবায়নে বাংলদেশ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় ন্যাশনাল কাউন্সিল ফর দ্যা ব্লাইন্ড এর মাধমে ন্যাশনাল আই কেয়ার,
আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন, জাতীয় ও তৃণমূল পর্যায়ে চক্ষু স্বাস্থ্য সেবায় নিয়োজিত প্রতিষ্ঠান সমূহ পারস্পরিক নিবিড় সমন্বয় সাধন পূর্বক সমাজ থেকে নিরময়যোগ্য অন্ধত্ব নিবারণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ কর্মসূচী গুলির মধ্যে অবকাঠামো ও প্রযুক্তির উন্নয়ন, স্বাস্থ্য ও জনশক্তি ব্যবস্থাপনার উন্নয়ন, জনসচেতনতা বৃদ্ধি কার্যক্রম শক্তিশালী করণ এবং রোগ নিয়ন্ত্রণ উল্লেখযোগ্য।

বাংলাদেশ ন্যাশনাল সোসাইটি ফর দ্যা ব্লাইন্ড (বিএনএসবি) আন্ধেরী হিলফে বন, জার্মানী এর সহায়তায় ১৯৭২ সাল থেকে যাত্রা শুরু করে সুদীর্ঘ প্রায় ৪৫ বছর ধরে এ পর্যন্ত অন্ধত্ব নিরসনে বাংলাদেশ থেকে অন্ধত্ব নিবারণ ও নিরাময় কর্মসূচী সক্রিয়ভাবে পরিচালনা করে আসছে। তারই ধারাবাহিকতায় ১৯৮২ সালের ১ লা জানুয়ারী থেকে বৃহত্তর ময়মনসিংহ জেলার (নেত্রকোণা, কিশোরগঞ্জ, শেরপুর, জামালপুর, টাঙ্গাইল ও ময়মনসিংহ) প্রায় ১ কোটি ৭৭ লক্ষ জনগণের মধ্যে চক্ষু স্বাস্থ্য সেবা প্রদান করে আসছে। যা বাংলাদেশের মোট জন সংখ্যার প্রায় ১২শতাংশ।

এখানে উল্লেখ্য যে, বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের প্রায় ১ কোটি ৭৭ লক্ষ মানুষের নিয়মিত চক্ষু চিকিৎসা ও পরিচর্যা সেবা প্রদানের জন্য এটিই একমাত্র বিশেষায়িত চক্ষু হাসপাতাল। এই হাসপাতালটি বর্তমানে অন্ধত্ব প্রতিরোধ, প্রতিকার, দূরীকরণ, দৃষ্টিপ্রতিবন্ধীদের পূণর্বাসন, বিনামূল্যে ও স্বল্পমূল্যে গরীব রোগীদের সেবা প্রদান আসছে। এখানে আরও উল্লেখ্য যে, দেশের ক্রমবর্ধমান জনসংখ্যার পাশাপাশি চক্ষু রোগীর সংখ্যাও বৃদ্ধি পাওয়ায় প্রতিনিয়তই হাসপাতালে চক্ষুরোগ সমস্যাগ্রস্ত রোগীর সংখ্যা বৃদ্ধি পাচ্ছে। ফলে হাসপাতালের পর্যাপ্ত দক্ষ জনবল ও প্রয়োজনীয় যন্ত্রপাতির অপ্রতুলতার কারণে ময়মনসিংহ ও আশপাশের জেলার ব্যাপক ভিত্তিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যার ব্যাপক চাহিদা মিটানো অত্যন্ত দুরুহ ব্যাপার হয়ে দাড়িয়েছে।

ডাঃ কে. জামান বিএনএসবি চক্ষু হাসপাতাল ইতিমধ্যে উপজেলা ও গ্রামাঞ্চলের জনগণের দোরগোড়ায় ব্যাপক ভিত্তিক চক্ষু পরিচর্যা সেবা নিশ্চিত করার উদ্দেশ্যে ০৮টি প্রাথমিক চক্ষু পরিচর্যা কেন্দ্র (পিইসি) প্রতিষ্ঠা করেছে। তাছাড়াও হাসপাতালের প্রারম্ভিক সময় থেকে এ প্রতিষ্ঠানটির মাধ্যমে নিম্নবর্ণিত সেবাগুলি প্রদান করা হয়েছে।

- প্রায় ২০ লক্ষ চক্ষু রোগীকে হাসপাতাল থেকে চিকিৎসা সেবা দেয়া হয়েছে। যাদের মধ্যে ৬২ হাজার ৩০০ শত এর বেশী রোগীর চক্ষুছানি সহ বিভিন্ন অপারেশন করা হয়েছে।

DR. K. ZAMAN BNSB EYE HOSPITAL

- প্রত্যন্ত গ্রামাঞ্চলে সহস্রাধিক চক্ষু শিবির আয়োজন ও ব্যবস্থাপনার মাধ্যমে প্রায় ১৩ লক্ষ ৮৫,০০০ হাজার চক্ষু রোগীর বিনামূল্যে চিকিৎসা প্রদান করা হয়েছে যাদের মধ্যে প্রায় ১ লক্ষ ৬৭,৭০০ হাজার রোগীর বিনামূল্যে চক্ষু ছানি অপারেশন করা হয়েছে।
- প্রায় ১,২৪১ টি প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ৫ লক্ষ ৫৫,৪০০ হাজার ছাত্র-ছাত্রী, এবং বিভিন্ন এলাকাভিত্তিক সমন্বিত শিশু-কিশোর-কিশোরীদের চক্ষু স্বাস্থ্য পরীক্ষা কার্যক্রম বাস্তবায়নের মাধ্যমে প্রায় ১,৪১,৪০৮ জন শিশু-কিশোর-কিশোরীকে বিনামূল্যে চক্ষু পরীক্ষা করাসহ প্রয়োজনীয় ঔষধ ও চশমা প্রদান করা হয়েছে।
- অনুর্ধ ১৬ বছর বয়সের প্রায় ৩,৮৫২ জন শিশুকে বিনামূল্যে এবং স্বল্পমূল্যে চোখের ছানি ও ট্যারা চোখ অপারেশন করে তাদের দৃষ্টিশক্তি রক্ষা করা হয়েছে।
- প্রাথমিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যা গুলো মাধ্যমে প্রায় ১৬৪,২৫৭ জন রোগীকে চিকিৎসা প্রদান করা হয়েছে এবং এদের মধ্যে প্রায় ৫,৩৩৭ জন রোগীর চক্ষু ছানি ও অন্যান্য অপারেশন করা হয়েছে।

উপরোক্ত কার্যক্রম ছাড়াও এই বৃহত্তর অঞ্চলের বিভিন্ন প্রাথমিক বিদ্যালয়ের প্রায় ২,০২৫ জন শিক্ষককে ডেমোনস্ট্রেশন এবং বিভিন্ন এনজিওতে কর্মরত প্রায় ১,৬৬৫ জন স্বাস্থ্যকর্মীকে প্রাথমিক চক্ষু স্বাস্থ্য সেবা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।

বর্তমানে আরও বহুবিধ চিকিৎসা সেবা পরিচালনা করছে। এছাড়া প্রত্যন্ত গ্রামাঞ্চলের জনগণের দোরগোড়ায় আরও অধিক পরিমাণে চক্ষু স্বাস্থ্য সেবা কিভাবে পৌঁছে দেয়া যায় তারই লক্ষ্যে প্রতিষ্ঠানটি নিরলসভাবে কাজ করে যাচ্ছে।

প্রণয়নকৃত প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের উত্তর-পূর্ব অংশ ময়মনসিংহ বিভাগের শেরপুর জেলার ০৫ টি উপজেলার জনগনকে অত্র হাসপাতালে ও ভিশন সেন্টারে চক্ষু চিকিৎসা ও সেবাদান। প্রত্যন্ত গ্রামীন এলাকায় শিশু, কিশোর আবাল-বৃদ্ধ বনিতা সকলকে সমন্বিত ভাবে স্বল্প বিনামূল্যে ও স্বল্প ব্যয়ে গুনগত ও মানসম্পন্ন চক্ষু চিকিৎসা প্রদান। প্রাথমিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে অত্র অঞ্চলের বৃহত্তর জনগোষ্ঠীকে সচেতন করে তোলা। চক্ষু বিশেষজ্ঞ ও এমএলওপি-দের প্রশিক্ষণ প্রদান করে দক্ষ ও প্রশিক্ষিত জনবলের সহায়তায় হাসপাতালের বিদ্যমান চক্ষু স্বাস্থ্যসেবাকে আরও গতিশীল ও সম্প্রসারিত করে একটি প্রাতিষ্ঠানিক রূপদান করা। তাছাড়া নিম্নবর্ণিতভাবে প্রকল্প এলাকার জনগনের সম্পৃক্ততার মাধ্যমে গৃহিত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্যকে বাস্তবায়ন করা হবে।

(ক) ভিশন সেন্টারে আগত অত্যন্ত দরিদ্র ও প্রান্তিক জনগোষ্ঠীর চক্ষু রোগীদেরকে বিনা খরচে/স্বল্প খরচের মাধ্যমে সঠিক চক্ষু চিকিৎসা সেবা প্রদান।

(খ) প্রত্যন্ত অঞ্চলের স্বেচ্ছাসেবক ও জনগনের সহযোগিতায় দরিদ্র জনগোষ্ঠির দোরগোড়ায় ব্যাপক ভিত্তিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যা সেবা প্রদান।

(গ) প্রত্যন্ত অঞ্চলে কর্মরত বিভিন্ন সরকারী, বেসরকারী ও অন্যান্য স্থানীয় স্বেচ্ছাসেবী এবং তৃণমূল পর্যায়ের বিভিন্ন সামাজিক প্রতিষ্ঠানের সাথে সমন্বয় সাধন পূর্বক তাদের প্রতিষ্ঠানগুলোতে কর্মরত স্বাস্থ্যকর্মীদেরকে প্রাথমিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যা বিষয়ক প্রশিক্ষণ দানের মাধ্যমে চক্ষু রোগী চিহ্নিত করার বিষয়ে দক্ষ করে তোলা হবে যাতে তাদের কর্ম এলাকায় বৃহত্তর জনগোষ্ঠির চক্ষু রোগ সংক্রান্ত সমস্যাগুলো চিহ্নিত করে প্রয়োজনীয় চিকিৎসার জন্য সেবা কেন্দ্রে রেফার্ড করতে পারেন।

বর্তমানে অরবিস ইন্টান্যাশনাল-এর সহায়তায় ডাঃ কে.জামান বিএনএসবি চক্ষু হসপাতাল District Refractive Error and Eyecare Search and Treat Initiative (DRESTI) প্রকল্পটি গ্রহণ করেছে। অরবিস বাংলাদেশের এই প্রকল্পটি ময়মনসিংহ বিএনএসবি চক্ষু হাসপাতাল এবং জাতীয় চক্ষু বিজ্ঞান ইন্সটিটিউট এবং হাসপাতাল (NIO&H), চক্ষু সেবাদানকারী প্রতিষ্ঠান, সংস্থা ও চক্ষু সেবায় নিয়োজিত বিভিন্ন পেশাজীবিদের সঙ্গে সম্মিলিতভাবে জাতীয় চক্ষু সেবা পরিকল্পনায় নির্ধারিত নীতি অনুযায়ী কাজ করবে যাতে দেশের বর্তমান চক্ষু সেবা আরও জোরদার করা যায়। এজন্যে অরবিস উন্নত প্রযুক্তি, গুনগত মান উন্নয়ন, কার্যকর মনিটরিং, চাহিদা ভিত্তিক সক্ষমতা বৃদ্ধিতে সঠিক অর্থায়ন এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে মানসম্মত চক্ষুসেবা প্রাপ্তির লক্ষ্যে কাজ করবে। এক্ষেত্রে গরীব ধনী নির্বিশেষে মান সম্পন্ন চক্ষু সেবা যাতে জনগন পেতে পারে তার জন্য সরকারের পাশাপাশি অন্যান্য সংস্থার সাথেও কারিগরি সহায়তাসহ সমন্বিতভাবে কাজ করবে।

খ. **প্রকল্পটির যৌক্তিকতা এবং জাতীয় পরিকল্পনার সাথে (যথা- এনএসএপিআর-২, রূপকল্প-২০২১ ও সরকারের খাতভিত্তিক উদ্দেশ্যাবলী) প্রাসঙ্গিকতা ঃ**
অন্ধত্ব বিশ্বব্যাপী মানব জাতির জন্য একটি গভীর সামাজিক সমস্যা। বিশ্ব স্বাস্থ্য সংস্থার সাম্প্রতিক তথ্যমতে পৃথিবীতে প্রায় ৩৯ মিলিয়ন মানুষ অন্ধত্বের শিকার (WHO Fact sheet No. 282, Visual Impairment and Blindness. Update April 2011) । এছাড়াও ২৪৫ মিলিয়ন মানুষ মধ্যম থেকে মারাত্মক দৃষ্টি প্রতিবন্ধী (WHO Fact sheet No. 282, Visual Impairment and Blindness. Update April 2011) । বিশ্বে প্রতি পাঁচ সেকেন্ডে ০১ জন করে ব্যক্তি অন্ধ হয়ে যাচ্ছে এবং প্রতি মিনিটে ১ জন শিশু অন্ধ হয়ে যাচ্ছে (The Fred Hollows Foundation NZ, Module-5 Global Blindness Statistics)। এদের ৯০ শতাংশের বাস বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে।

বাংলাদেশে জাতীয় অন্ধত্ব ও ক্ষীণদৃষ্টি জরীপ ২০০০ অনুযায়ী বয়স অনুপাতে অন্ধত্বের প্রার্দুভাব ১.৫ শতাংশ। ৮০ শতাংশ অন্ধত্বের প্রধান কারণ ছানিজনিত রোগ। অন্য এক পরিসংখ্যান থেকে জানা যায় (National Eye Care Plan,Bangladesh) যে,

- **বাংলাদেশে প্রায় ৭ লাখ ৫০ হাজার অন্ধ লোক রয়েছে যাদের বয়স ৩০ বা তার উর্ধ্বে এবং প্রতিবছরই এই সংখ্যার সাথে নতুন করে আরও ৬০ হাজার করে যোগ হচ্ছে।**
- **৩৩ লাখ বয়স্ক মানুষ অসংশোধিত দৃষ্টিশক্তির ত্রুটি বয়ে বেড়াচ্ছেন।**
- **১৩ লাখ শিশু অসংশোদিত দৃষ্টিশক্তির ত্রুটিতে ভোগছে।**
- **অন্ধত্বের প্রধান কারণ ছানি এবং ছানির কারণে অন্ধত্বের সংখ্যা প্রায় ৬ লক্ষ ৫০ হাজার মানুষ, যা মোট অন্ধত্বের প্রায় ৮০%।**

বাংলাদেশে অন্ধত্বের অনেকগুলো রোগের কারণের মধ্যে ৫টি রোগ অন্ধত্বের মূল কারণ হিসেবে চিহ্নিত করা হয়েছে। তারমধ্যে ছানি রোগ, শিশু অন্ধত্ব, ক্ষীণদৃষ্টি (রিফ্র্যাকটিভ এ্যারর), ডায়াবেটিক রেটিনোপ্যাথি ও গ্লুকোমা।

DR. K. ZAMAN BNSB EYE HOSPITAL

উক্ত প্রকল্পটি বাংলাদেশ জাতীয় চক্ষু সেবা পরিকল্পনা (Operational Plan, NEC 2016 to 2021), স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়ের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি উন্নয়ন সেক্টর কর্মসূচী (HPNDSP) সহস্রাব্দ লক্ষ্য সমূহ (MDGs) এবং সরকারের ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে প্রণীত হয়েছে।

২০০০ সালে পরিচালিত জাতীয় অন্ধত্ব এবং ক্ষীণদৃষ্টি জরীপ এর তথ্যমতে বাংলাদেশে শিশু অন্ধত্বের হার প্রতি হাজার শিশুর মধ্যে ০.৭৫ জন। সে অনুযায়ী বাংলাদেশে বর্তমানে প্রায় ৪০ হাজার অন্ধ শিশু রয়েছে। শিশু অন্ধত্বের প্রধান কারণ হচ্ছে ছানি রোগ এবং বাংলাদেশে প্রায় ১২ হাজার শিশু ছানি রোগের কারণে দৃষ্টিহীন আছে, যা ছানি অপারেশনের মাধ্যমে দুর করা সম্ভব।

প্রকল্পটি জাতীয় বাংলাদেশ সরকারের এনএসএপিআর-২ ও রূপকল্প-২০২১ সাথে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যৌক্তিক যোগসাজস সাপেক্ষে প্রণয়ন করা রয়েছে। যা বাংলাদেশ সরকারের উন্নয়ন লক্ষ্য ও উদ্দেশ্যের প্রচেষ্ঠার সম্পূরক শক্তি হিসাবে কাজে করবে এবং দেশ থেকে দারিদ্রতা হ্রাস করে একটি মধ্য আয়ের দেশে পরিণত করবে যেমনটি বলা হয়েছে ২য় জাতীয় কৌশল "ভিশন-২০২১" (সংশোধিত)।

বাংলাদেশ একটি উন্নয়ণশীল দেশ। ফলে অপরিণত শিশুদের প্রায় ১১ থেকে ২০ শতাংশ শিশু এ রোগে আক্রান্ত হয়ে থাকে। বর্তমানে ঢাকা এর বাহিরে এ রোগের চিকিৎসাসেবা দেওয়ার কোন ব্যবস্থা নেই।

বাংলাদেশ টেকসই উন্নয়ন লক্ষ্য (SDG) বাস্তবায়নেও অঙ্গীকারবদ্ধ। পরিহারযোগ্য অন্ধত্ব নির্মূল, এবং সবার জন্য চক্ষু স্বাস্থ্যসেবা টেকসই উন্নয়ন লক্ষ অর্জনের পরিপূরক। বাংলাদেশ সরকার চক্ষু সেবায় সরকারী, এনজিও ও বেসরকারী সংস্থার অংশীদারীত্বের ভিত্তিতে সম্পদ যোগানের মাধ্যমে লক্ষ্যগুলি অর্জনে দৃঢ় প্রতিজ্ঞ। তাছাড়া, জাতীয় চক্ষু সেবা পরিকল্পনা (NEC) যা "ভিশন : ২০২০" বাস্ড়বায়নের উদ্দেশ্যে কাজ করছে। উক্ত পরিকল্পনা প্রণয়নে সরকারী স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়, চক্ষু সেবায় নিয়োজিত বেসরকারী প্রতিষ্ঠান ও সংস্থা বাংলাদেশ কাউন্সিল ফর দি ব্লাইন্ড (BNCB) নির্দেশনায় একযোগে কাজ করছে। বর্তমানে বাস্তবায়িত সরকারের NEC পরিকল্পনাটি স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের প্রণীত স্বাস্থ্য, পুষ্টি ও জনসংখ্যা কর্মসূচী যা বর্তমানে স্বাস্থ্য, জনসংখ্যা পুষ্ট উন্নয়ন সেক্টর কর্মসূচীতে (HPNDSP) অন্তভূক্ত হয়েছে।

উক্ত প্রকল্পটি বাংলাদেশ জাতীয় চক্ষু সেবা পরিকল্পনা (Operational Plan, NEC 2016 to 2021), স্বাস্থ্য ও পরিবার কল্যান মন্ত্রনালয়ের স্বাস্থ্য, জনসংখ্যা ও পুষ্টি উন্নয়ন সেক্টর কর্মসূচী (HPNDSP) সহস্রাব্দ লক্ষ্য সমূহ (MDGs) এবং সরকারের ৬ষ্ঠ পঞ্চবার্ষিকী পরিকল্পনার সাথে সামঞ্জস্য রেখে প্রণীত হয়েছে। বাংলাদেশের জাতীয় চক্ষু সেবা পরিকল্পনায় (NEC Plan) পরিহার যোগ্য অন্ধত্বের নিয়ন্ত্রনের জন্য যে দিকগুলো বিবেচনা করা হয়েছে সেগুলোর মধ্যে মানব সম্পদ উন্নয়ন, অবকাঠামো ও কারীগরী উন্নয়ন, চক্ষু রোগের বোঝা কমানো, অংশীদারীত্ব ও সমন্বয়ের উন্নতি এবং নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়নের জন্যে এডভোকেসী ইত্যাদি উল্লেখযোগ্য।

বাংলাদেশে অন্ধত্ব হ্রাস ও পরিহাযোগ্য অন্ধত্ব নিবারণ এবং দরিদ্র বৃহত্তর জনগোষ্ঠীর অন্ধত্বের বিভিন্ন সমস্যা নিরসন ও তাদেরকে অন্ধত্বের প্রাদুর্ভাব থেকে রক্ষা করতে Bangladesh National Eye Care Plan এবং বিশ্ব স্বাস্থ্য সংস্থার Action Plan for the Prevention of Avoidable Blindness and Visual Impairment, 2009-2013 এবং VISION 2020-The Righ to Sight এর উদ্দেশ্যাবলী বাস্তবায়নের নিমিত্তে বাংলাদেশ সরকারের এনএসএপিআর-২, রূপকল্প-২০২১ ও খাতভিত্তিক উদ্দেশ্যাবলীর সাথে সামঞ্জস্যপূর্ণ রেখে প্রকল্পটি প্রণয়ন করা হয়েছে যা বাস্তবায়নের মাধ্যমে দিয়ে বাংলাদেশের জাতীয় উন্নয়নে ইতিবাচক প্রভাব পড়বে।

প্রস্তাবিত এই প্রকল্পটি বাংলাদেশের স্থায়ীত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৩ ও ১০ এর সাথে সরাসরিভাবে সম্পর্কিত। এই প্রকল্প মানসম্মত ডায়াবেটিক জনিত চক্ষুসেবা প্রদানের মাধ্যমে উন্নত জনস্বাস্থ্য ও তার ধারাবাহিক উন্নয়ন নিশ্চিত করার লক্ষ্যে কাজ করবে যা স্থায়ীত্বশীল উন্নয়ন লক্ষ্যমাত্রা (এসডিজি) ৩ অর্জনে সহায়তা করবে।

খ. ২. টেকসই উন্নয়নের অভিষ্টের (এসডিজি) সঙ্গে সম্পৃক্ততা ঃ

গোল	লক্ষ্যমাত্রা (Target)	বাজেট	যৌক্তিকতা	মন্তব্য
২ ৩ ৪ ৫	৩.৪ ৩.৮ ৩.খ.২ ৩.খ.৩ ৩.গ	১,৯০৬,০৮০/-	প্রণয়নকৃত প্রকল্পটির উদ্দেশ্য হচ্ছে বাংলাদেশের উত্তর-পূর্ব অংশ তথা বৃহত্তর ময়মনসিংহ অঞ্চলের শেরপুর জেলার জনগনকে ভিশন সেন্টারের মাধ্যমে চক্ষু চিকিৎসা ও সেবাদান। প্রত্যন্ত গ্রামীন এলাকায় শিশু, কিশোর আবাল-বৃদ্ধ বনিতা সকলকে সমন্বিত ভাবে স্বল্প ব্যয়ে গুনগত ও মানসম্পন্ন চক্ষু চিকিৎসা প্রদান। প্রাথমিক চক্ষু চিকিৎসা ও পরিচর্যা বিষয়ক বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মসূচী বাস্তবায়নের মাধ্যমে অত্র অঞ্চলের বৃহত্তর জনগোষ্ঠীকে সচেতন করে তোলা। প্রকল্পটি বাংলাদেশ সরকারের জাতীয় পরিকল্পনা যথা- এনএসএপিআর-২ ও রূপকল্প-২০২১ সাথে প্রত্যক্ষ ও পরোক্ষ ভাবে যৌক্তিক যোগসাজস সাপেক্ষে প্রণয়ন করা রয়েছে। যা বাংলাদেশ সরকারের উন্নয়ন লক্ষ্য ও উদ্দেশ্যের প্রচেষ্ঠার সম্পূরক শক্তি হিসাবে কাজে করবে এবং দেশ থেকে দারিদ্রতা হ্রাস করে একটি মধ্য আয়ের দেশে পরিণত করবে যেমনটি বলা হয়েছে ২য় জাতীয় কৌশল "ভিশন-২০২১" (সংশোধিত)। বয়স্ক ও শিশুর অসংশোধিত দৃষ্টিশক্তির কারণে যারা কর্মহীন হয়ে রয়েছে দৃষ্টিশক্তি সংশোধণের মাধ্যমে তাদেরকে পূণরায় কর্মক্ষম করে তোলা এবং নিজ নিজ কর্মস্থলে উন্নয়নে ভুমিকা রাখতে পারবে। ফলে দারিদ্রতা হ্রাস শতকরা ৪০ ভাগ কমিয়ে ১৫ ভাগে নামিয়ে আনার ক্ষেত্রে এবং শিশুদের প্রাথমিক পর্যায় থেকেই সুস্থ স্বাস্থ্য এবং শিক্ষা নিশ্চিত করার ক্ষেত্রে ভূমিকা রাখবে যেমনটি রূপকল্পে বলা হয়েছে এবং ২০২১ সালের মধ্যে প্রতিটি খানা স্বাস্থ্যকর ও সুস্থ থাকার ক্ষেত্রে প্রকল্পটি সহায়ক হবে।	

DR. K. ZAMAN BNSB EYE HOSPITAL

গ. উদ্দেশ্যসমূহ ঃ

এই প্রকল্পের নির্দিষ্ট উদ্দেশ্যগুলো হচ্ছে ঃ

(ক) প্রকল্পটি বাস্তবায়নের মাধ্যমে প্রকল্প এলাকায় কর্মরত সমাজভিত্তিক চক্ষু স্বাস্থ্যসেবাকর্মীদেরকে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করার মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ে প্রশিক্ষিত করে তোলা।

(খ) প্রকল্প এলাকার সম্মূখসারীর স্বাস্থ্যকর্মী, শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রদান।

(গ) প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়নরত ছাত্র-ছাত্রীদেরকে **" শিশু চক্ষুস্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং)"**এর মাধ্যমে তাদের দৃষ্টিশক্তি পরীক্ষা করে সংশোধন করা সহ অন্যান্য চক্ষু রোগ চিহ্নিত করে প্রয়োজনীয় চিকিৎসার ব্যবস্থা করা এবং অত্যন্ত দরিদ্র ছাত্র-ছাত্রীদের মধ্যে অগ্রাধিকার ভিত্তিতে বিনামূল্যে প্রয়োজনীয় ঔষধ এবং চশমা বিতরণ করা ।

(ঘ) প্রকল্প এলাকায় প্রাপ্ত বয়স্ক দরিদ্র জনগোষ্ঠীর দৃষ্টিশক্তি পরীক্ষা করে সংশোধন করার মাধ্যমে চক্ষু স্বাস্থ্যসেবা কার্যক্রমকে গতিশীল করা এবং সংশোধিত দৃষ্টি অনুযায়ী প্রয়োজনীয় চশমা ও ঔষধ প্রদান করা।

(ঙ) আউটরীচ ও ভিশন সেন্টার কার্যক্রমের মাধ্যমে প্রত্যন্ত অঞ্চলের জনগনের দোরগোড়ায় চক্ষু স্বাস্থ্যসেবা প্রদান নিশ্চিত করা।

ঘ. লক্ষ্যমাত্রা (সুনির্দিষ্ট, পরিমাপযোগ্য, অর্জনযোগ্য যথার্থতা ও সময় *(SMART)* নির্ধারণ করুন।পরিবীক্ষনের জন্য টার্গেট ***SMART*** করা অত্যন্ত জরুরী)ঃ

০১ জুন ২০২১ হতে ডিসেম্বর ৩১, ২০২১ এর মধ্যে প্রস্তাবিত প্রকল্পে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে নিম্নবর্ণিত লক্ষমাত্রা অর্জন করা হবে।

ক্র.নং	কার্যক্রমের নাম	পরিমান		অর্জনযোগ্য যথার্থতা
		১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ (সাত মাস)	সর্বমোট	
১	প্রকল্প এলাকায় কর্মরত সমাজভিত্তিক চক্ষু স্বাস্থ্যসেবাকর্মীদেরকে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করার মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ে প্রশিক্ষিণ প্রদান।	১০ জন	১০ জন	সমাজভিত্তিক ১০ জন চক্ষু স্বাস্থ্যসেবাকর্মী ডিজিটাল প্লাটফরম ব্যবহারের উপর প্রশিক্ষিণ প্রাপ্তির মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি পাবে। ফলে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা প্রদান করতে সক্ষম হবে।
২	প্রকল্প এলাকার ০৩ (তিন) টি ইউনিয়নের সম্মূখসারীর স্বাস্থ্যকর্মী (সিএইচসিপি,সিএইচডব্লিউ), শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রদান।	৯০ জন	৯০ জন	৯০ জন সম্মূখসারীর স্বাস্থ্যকর্মী (সিএইচসিপি,সিএইচডব্লিউ), শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রাপ্ত হয়ে এলাকার জনগণের দোরগোড়ায় প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ক তথ্যাদি সঠিকভাবে পৌঁছাতে সক্ষম হবে এবং সঠিক সময়ে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের জন্য চক্ষু চিকিৎসাসেবাকেন্দ্রে রোগীদেরকে রেফার্ড করতে পারবেন।
৩	**" শিশু চক্ষুস্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং)"** কার্যক্রমের এর মাধ্যমে প্রস্তাবিত প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়ণরত শিশু, কিশোর-কিশোরীর দৃষ্টিশক্তি পরীক্ষা (রিফ্রাকশন) করে সংশোধন করাসহ অন্যান্য চক্ষুরোগ চিহ্নিত করা হবে।	১২,০০০ জন	১২,০০০ জন	১২,০০০ জন শিশু, কিশোর-কিশোরীর দৃষ্টিশক্তি পরীক্ষা (রিফ্রাকশন)করে তাদের দৃষ্টিশক্তি সংশোধন করার ফলে তাদের দৃষ্টিশক্তি সমস্যা সমাধানসহ অন্যান্য চক্ষুরোগ থেকে মুক্ত থাকবে।
৪	আউটরীচ ও ভিশন সেন্টার কার্যক্রমের আওতায় চক্ষুস্বাস্থ্য পরীক্ষার মাধ্যমে স্ক্রীনিংকৃত রোগীদের মধ্যে রিফ্রাকশনের মাধ্যমে প্রাপ্ত অধিকতর দৃষ্টি সমস্যাগ্রস্তদের সমস্যা সমাধানকল্পে দ্বিতীয় পর্যায়ে আরও পরিক্ষানিরীক্ষা করা হবে।	১১,০০০ জন	১১,০০০ জন	১১,০০০ জন রোগীকে রিফ্রাকশনের মাধ্যমে অধিকতর দৃষ্টি সমস্যাগ্রস্তদের সমস্যা সমাধানকল্পে দ্বিতীয় পর্যায়ে আরও পরিক্ষানিরীক্ষা করা হবে। ফলে তাদের দৃষ্টিশক্তির উন্নতি হবে।
৫	আউটরীচ ভিশন সেন্টার কার্যক্রমের আওতায় প্রস্তাবিত প্রকল্প এলাকার জনগণের চক্ষুস্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং) করে রিফ্রাকশনের মাধ্যমে তাদের দৃষ্টি সংশোধন করা হবে এবং অত্যন্ত দরিদ্র রোগীদেরকে বিনামূল্যে ঔষধ প্রদান করা।	২,০০০ জন	২,০০০ জন	আউটরীচ ও ভিশন সেন্টার কার্যক্রমের আওতায় প্রস্তাবিত প্রকল্প এলাকার অত্যন্ত দরিদ্র ২,০০০ জন চক্ষু রোগীকে রিফ্রাকশনের মাধ্যমে সংশোধিত দৃষ্টিশক্তির পরিমাপ অনুযায়ী বিনামূল্যে ঔষধ প্রদান করা হবে।
৬	ভিশন সেন্টার / কমিউনিটি পর্যায়ে রিফ্রেকশনের মাধ্যমে বাছাইকৃত দৃষ্টি সমস্যাগ্রস্ত শিশু-কিশোর-কিশোরী এবং বয়স্কদের মধ্যে চশমা সরবরাহ।	১,০০০ জন	১,০০০ জন	ভিশন সেন্টার / কমিউনিটি পর্যায়ে রিফ্রেকশনের মাধ্যমে বাছাইকৃত দৃষ্টি সমস্যাগ্রস্ত ১,০০০ জন শিশু-কিশোর-কিশোরী এবং বয়স্কদের মধ্যে চশমা সরবরাহ হবে।

DR. K. ZAMAN BNSB EYE HOSPITAL

৭	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে ডিজিটাল প্লাটফরম কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার জন্য ইন্টারনেট সার্ভিস চালুকরণ।	৪০টি	৪০টি	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ জানুয়ারী২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে ডিজিটাল প্লাটফরম কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার জন্য ইন্টারনেট সার্ভিস চালু রাখা হবে।
৮	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে ভিশন সেন্টার গুলির রোগীদেরকে টেলিকনসালটেশন প্রদান।	২,০০০ জন	২,০০০ জন	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ জানুয়ারী২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে ভিশন সেন্টার গুলির রোগীদেরকে টেলিকনসালটেশন প্রদানের মাধ্যমে চিকিৎসা প্রদান করা হবে।
৯	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে চক্ষু স্বাস্থ্যসেবা কাজে নিয়োজিত অফথালমিক টেকনিশিয়ান ও অন্যান্য কর্মচারীদের ভিশন সেন্টার ব্যবস্থাপনা ব্যয় বাবদ প্রদান।	৭ মাস	৭ মাস	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ জানুয়ারী২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে চক্ষু স্বাস্থ্যসেবা কাজে নিয়োজিত অফথালমিক টেকনিয়ান ও অন্যান্য কর্মচারীদেরকে ভিশনসেন্টার ব্যবস্থাপনা (ম্যানেজমেন্ট) ব্যয় বাবদ প্রদান করা হবে।
১০	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলির পরিচালনা খরচ (রানিং কস্ট) প্রদান।	৭ মাস	৭ মাস	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ জানুয়ারী২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলির পরিচালনা খরচ (রানিং কস্ট) হিসাবে প্রদান করা হবে।
১১	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম তদারকী (মনিটরিং) ব্যয়।	৭ মাস	৭ মাস	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ জানুয়ারী ২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম তদারকী (মনিটরিং) ব্যয় হিসাবে প্রদান করা হবে।

ঙ. **প্রত্যাশিত ফলাফল (প্রত্যেক ফলাফল গুনবাচক, সংখ্যাবাচক এবং সময়ের (QQT) ভিত্তিতে নির্দিষ্ট করুণ) ঃ**

১ জুন ২০২১ থেকে ৩১ ডিসেম্বর ২০২১ (সাত মাস) এর মধ্যে প্রস্তাবিত প্রকল্পে বিভিন্ন কার্যক্রমের মাধ্যমে নিম্নবর্ণিত প্রত্যাশিত ফল/লক্ষমাত্রা অর্জন করা হবে।

(ক) ১০ জন সমাজভিত্তিক চক্ষু স্বাস্থ্যসেবাকর্মী ডিজিটাল প্লাটফরম ব্যবহার করার মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ে প্রশিক্ষণ প্রাপ্তির মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি পাবে। ফলে তাদের মধ্যে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা গ্রহণের ধারণা সহজসাধ্য হবে।

(খ) প্রকল্প এলাকার ০৩ (তিন) টি ইউনিয়নের ৯০ জন সম্মুখসারীর স্বাস্থ্যকর্মী, শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রদান করা হবে। ফলে তাদের মাধ্যমে এলাকার জনগণের দোরগোড়ায় প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ক সেবা প্রাপ্তি স্থান অবহিত হবে এবং সঠিক সময়ে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের জন্য চক্ষু চিকিৎসাসেবাকেন্দ্রে চক্ষু সমস্যাগ্রস্ত রোগীদেরকে রেফার্ড করতে পারবেন।

(গ) **"শিশু চক্ষু স্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং)"** কার্যক্রমের এর আওতায় প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়ণরত ১২,০০০ জন ছাত্র-ছাত্রীর দৃষ্টিশক্তি পরীক্ষা (রিফ্রাকশন)করে তাদের দৃষ্টিশক্তি সংশোধন করা হবে। ফলে তাদের দৃষ্টিশক্তি সমস্যা সমাধানসহ অন্যান্য চক্ষুরোগ সম্পর্কে নিশ্চিত হয়ে প্রয়োজনীয় চিকিৎসা প্রদান করা সহজ হবে এবং বিশেষায়িত চিকিৎসার জন্য চক্ষু চিকিৎসা হাসপাতাল/কেন্দ্রে রেফার্ড করা হবে। তাছাড়াও শিশু, কিশোর-কিশোরীদেরকে স্ক্রিনিং করে চিকিৎসা ও (মেডিকেল ও অপটিকেল) সহায়তার মাধ্যমে তাদের দৃষ্টিশক্তি সংশোধন করা সম্ভব হবে, ফলে অন্ধত্বের হাত থেকে রেহাই পাবে।

(ঘ) আউটরীচ কার্যক্রমের আওতায় রিফ্রাকশনের মাধ্যমে প্রাপ্ত রোগীদের মধ্যে অধিকতর দৃষ্টি সমস্যাগ্রস্তদের সমস্যা সমাধানকল্পে ১১,০০০ জন রোগীকে দ্বিতীয় পর্যায়ে আরও পরিক্ষানিরীক্ষা দৃষ্টিশক্তি সংশোধনের জন্য সহায়তা করা হবে।

(চ) আউটরীচ কার্যক্রমের আওতায় প্রস্তাবিত প্রকল্প এলাকার অত্যন্ত দরিদ্র ২,০০০ জন চক্ষু রোগীকে রিফ্রাকশনের মাধ্যমে সংশোধিত দৃষ্টিশক্তির পরিমাপ অনুযায়ী বিনামূল্যে চশমা ও ঔষধ প্রদান করা হবে।

(চ) ভিশন সেন্টার/কমিউনিটি পর্যায়ে রিফ্রেকশনের মাধ্যমে বাছাইকৃত দৃষ্টি সমস্যাগ্রস্ত ১,০০০ জন শিশু-কিশোর-কিশোরী এবং বয়স্কদের মধ্যে চশমা সরবরাহ হবে।

(ছ) প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে ডিজিটাল প্লাটফরম কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার জন্য ইন্টারনেট সার্ভিস চালু রাখা হবে।

(জ) প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে ভিশন সেন্টার গুলির রোগীদেরকে টেলিকনসালটেশন প্রদানের মাধ্যমে চিকিৎসা প্রদান করা হবে, ফলে তাদের দৃষ্টি সমস্যাসহ চোখের অন্যান্য সমস্যা অতিসহজেই সমাধান হবে।

(ঝ) প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে চক্ষু স্বাস্থ্যসেবা কাজে নিয়োজিত অফথালমিক টেকনিয়ান ও অন্যান্য কর্মচারীদেরকে ভিশনসেন্টার ব্যবস্থাপনা (ম্যানেজমেন্ট) ব্যয় বাবদ প্রদান করা হবে।

(ঞ) প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলির পরিচালনা খরচ (রানিং কস্ট) হিসাবে প্রদান করা হবে।

(ট) প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) বেইস হাসপাতাল থেকে মাঠ পর্যায়ে প্রকল্প কার্যক্রম তদারকী (মনিটরিং) ব্যয় হিসাবে প্রদান করা হবে।

DR. M. ZAMAN BNSB EYE HOSPITAL

চ. প্রধান কার্যক্রম সমূহ এবং প্রতিটি কার্যক্রমের বিপরীতে বরাদ্দ ঃ

ক্র.নং	প্রধান কার্যক্রমসমূহ	প্রাক্কলিত বরাদ্দ	সর্বমোট	উপকার ভোগীর সংখ্যা	সর্বমোট	অর্জন যোগ্য লক্ষমাত্রা
		০১ জুন ২০২১ হতে ৩১ ডিসে: ২০২১		০১ জুন ২০২১ হতে ৩১ ডিসে: ২০২১		
১	সমাজভিত্তিক চক্ষু স্বাস্থ্যসেবাকর্মীদেরকে ডিজিটাল প্লাটফরম ব্যবহার করার মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ে প্রশিক্ষণ প্রদান।	৭০,০০০	৭০,০০০	১০ জন	১০ জন	সমাজভিত্তিক ১০ জন চক্ষু স্বাস্থ্যসেবাকর্মী ডিজিটাল প্লাটফরম ব্যবহারের উপর প্রশিক্ষিণ প্রাপ্তির মাধ্যমে তাদের দক্ষতা বৃদ্ধি পাবে। ফলে ডিজিটাল প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে চক্ষুস্বাস্থ্যসেবা প্রদান করতে সক্ষম হবে।
২	প্রকল্প এলাকার সম্মুখসারীর স্বাস্থ্যকর্মী, শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রদান।	৪৫,০০০	৪৫,০০০	৯০ জন	৯০ জন	৯০ জন সম্মুখসারীর স্বাস্থ্যকর্মী, শিক্ষক এবং জনপ্রতিনিধিদেরকে প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবার উপর ওরিয়েন্টেশন প্রাপ্ত হয়ে এলাকার জনগণের দোরগোড়ায় প্রাথমিক চক্ষুস্বাস্থ্যসেবা বিষয়ক তথ্যাদি সঠিকভাবে পৌঁছাতে সক্ষম হবে এবং সঠিক সময়ে প্রয়োজনীয় চিকিৎসা গ্রহণের জন্য চক্ষু চিকিৎসাসেবাকেন্দ্রে রোগীদেরকে রেফার্ড করতে পারবেন।
৩	" শিশু চক্ষুস্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং)" কার্যক্রমের এর মাধ্যমে প্রস্তাবিত প্রকল্প এলাকায় অবস্থিত বিভিন্ন বিদ্যালয়ে অধ্যায়ণরত শিশু, কিশোর-কিশোরীর দৃষ্টিশক্তি পরীক্ষা (রিফ্রাকশন) করে সংশোধন করাসহ অন্যান্য চক্ষুরোগ চিহ্নিত করা হবে।	৪৮০,০০০	৪৮০,০০০	১২,০০০ জন	১২,০০০ জন	১২,০০০ জন শিশু, কিশোর-কিশোরীর দৃষ্টিশক্তি পরীক্ষা (রিফ্রাকশন)করে তাদের দৃষ্টিশক্তি সংশোধন করার ফলে তাদের দৃষ্টিশক্তি সমস্যা সমাধানসহ অন্যান্য চক্ষুরোগ থেকে মুক্ত থাকবে।
৪	ভিশন সেন্টার ও আউটরীচ কার্যক্রমের আওতায় স্ক্রীনিংকৃত রোগীদের মধ্যে রিফ্রাকশনের মাধ্যমে প্রাপ্ত অধিকতর দৃষ্টি সমস্যাগ্রস্তদের দ্বিতীয় পর্যায়ে আরও পরিক্ষানিরীক্ষা করা।	৩০০,০০০	৩০০,০০০	১১,০০০ জন	১১,০০০ জন	১১,০০০ জন রোগীকে রিফ্রাকশনের মাধ্যমে অধিকতর দৃষ্টি সমস্যাগ্রস্তদের সমস্যা সমাধানকল্পে দ্বিতীয় পর্যায়ে আরও পরিক্ষানিরীক্ষা করা হবে। ফলে তাদের দৃষ্টিশক্তির উন্নতি হবে।
৫	আউটরীচ কার্যক্রমের আওতায় প্রস্তাবিত প্রকল্প এলাকার জনগণের চক্ষুস্বাস্থ্য পরীক্ষা (স্ক্রীনিং) করে রিফ্রাকশনের মাধ্যমে তাদের দৃষ্টি সংশোধন করা হবে এবং অত্যন্ত দরিদ্র রোগীদেরকে বিনামূল্যে ঔষধ প্রদান করা হবে।	২৪০,০০০	২৪০,০০০	২,০০০ জন	২,০০০ জন	রিফ্রাকশনের মাধ্যমে অত্যন্ত দরিদ্র ২,০০০ জন রোগীর দৃষ্টি সংশোধন করে বিনামূল্যে ঔষধ প্রদান করা হবে। ফলে তারা স্বাভাবিক কাজকর্ম করতে পারবে
৬	ভিশন সেন্টার/কমিউনিটি পর্যায়ে রিফ্রেকশনের মাধ্যমে বাছাইকৃত দৃষ্টি সমস্যাগ্রস্ত শিশু-কিশোর-কিশোরী এবং বয়স্কদের মধ্যে চশমা সরবরাহ।	৩৫০,০৮০	৩৫০,০৮০	১,০০০ জন	১,০০০ জন	ভিশন সেন্টার/কমিউনিটি পর্যায়ে রিফ্রেকশনের মাধ্যমে দৃষ্টিশক্তি সংশোধন করে ১,০০০ জন শিশু-কিশোর-কিশোরী এবং বয়স্কদের মধ্যে চশমা সরবরাহ করা হবে। ফলে তাদের সাভাবিক জীবন যাত্রার মান উন্নয়ন হবে এবং নিজেদের আত্মনির্ভরশীলতা দৃঢ় হবে।
৭	প্রকল্প চলাকালীন সময়ে (০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত) ভিশন সেন্টার গুলিতে ডিজিটাল প্লাটফরম কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার জন্য ইন্টারনেট সার্ভিস চালুকরণ।	৮০,০০০	৮০,০০০	৪০ টি	৪০ টি	০১ জুন ২০২১ হতে ৩১ ডিসেম্বর ২০২১ পর্যন্ত ভিশন সেন্টার গুলিতে ডিজিটাল প্লাটফরম কার্যক্রম নিরবিচ্ছিন্ন ভাবে অব্যাহত রাখার জন্য ইন্টারনেট ৪০টি ইউনিট সার্ভিস চালু রাখা হবে।
